

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।

প্রেস বিজ্ঞপ্তি

নথি নং-৮০.২০০.০৫০.০০.০০.০৫৭.২০১৬-২৯৩


তারিখ : ২৬.০৯.২০১৬

৩০.০৯.২০১৬ তারিখে অনুষ্ঠেয় ৩৭তম বিসিএস এর প্রিলিমিনারি টেস্ট এর প্রার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজ্ঞাপনের শর্তানুযায়ী মোবাইল ফোন, সকল ধরনের ইলেকট্রনিক ডিভাইস, বই-পুস্তক, ক্যালকুলেটর এবং ব্যাগসহ পরীক্ষা হলে প্রবেশ করা নিষিদ্ধ এবং শাস্তিযোগ্য অপরাধ।

বিসিএস পরীক্ষার সময় হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি ব্যবহার কমিশন কর্তৃক নিষিদ্ধ করা হয়েছে। পরীক্ষা হলে সময় জানার জন্য পরীক্ষা কক্ষে প্রয়োজনীয় সংখ্যক দেয়াল ঘড়ি থাকবে।

পরীক্ষা হলে কোনো প্রার্থীর নিকট মোবাইল ফোন, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, ইলেকট্রনিক ডিভাইস, বই-পুস্তক, ক্যালকুলেটর, ব্যাগ এবং নিষিদ্ধ সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্তসহ বিসিএস পরীক্ষা বিধিমালার বিধি ভঙ্গের কারণে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীতব্য সকল নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।

সুতরাং ৩০.০৯.২০১৬ তারিখ পরীক্ষার দিন মোবাইল ফোন, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, ক্যালকুলেটর, কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস, বই-পুস্তক এবং ব্যাগ না আনার জন্য সংশ্লিষ্ট সকল প্রার্থীকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।



(আ.ই.ম. নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

নথি নং-৮০.২০০.০৫০.০০.০০.০৫৭.২০১৬-২৯৩

তারিখ : ২৬.০৯.২০১৬

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
বিসিএস পরীক্ষা দেশের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা হওয়ায় সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে।
- ২। বার্তা সম্পাদক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
বিসিএস পরীক্ষা দেশের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা হওয়ায় বিষয়টি সংবাদ অনুষ্ঠানে বারবার ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা হলো।
- ৩। মূখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
বিসিএস পরীক্ষা দেশের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা হওয়ায় বিষয়টি সংবাদ অনুষ্ঠানে এবং জ্বল নিউজ আকারে বার বার প্রচার করতে তাঁকে অনুরোধ করা হলো।
- ৪। বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
বিসিএস পরীক্ষা দেশের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা হওয়ায় বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা হলো।
- ৫। বার্তা সম্পাদক
.....
বিসিএস পরীক্ষা দেশের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা হওয়ায় বিষয়টি আপনার চ্যানেলে জ্বল নিউজ হিসেবে বারবার প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
(প্রেস বিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইট-এ প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
(প্রেস বিজ্ঞপ্তি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের এবং টিভি চ্যানেল সমূহে বারবার জ্বল নিউজ হিসাবে প্রচার করার ব্যবস্থা করতে অনুরোধ করা হলো)।


(আ.ই.ম. নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

Press